



তারিখ : ০৭ ডিসেম্বর ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান-এর শোকবার্তা

বিএনপি জাতীয় নির্বাহী কমিটির তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক প্রফেসর এ কে এম ওয়াহিদুজ্জামান এর মাতা মোসাম্মৎ আশরাফুন্নেসা নাতেকা বার্ষিক্যজনিত কারণে আজ বিকেল ৪-৩০ মিনিটে রাজধানীর ইনসাফ আল বারাকা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৭ বছর। মোসাম্মৎ আশরাফুন্নেসা নাতেকা'র মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান।

আজ এক শোকবার্তায় বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান বলেন, “মোসাম্মৎ আশরাফুন্নেসা নাতেকা'র মৃত্যুতে তার পরিবারবর্গের মতো আমিও গভীরভাবে সমব্যথা। একজন স্নেহশীল মাতা হিসেবে তিনি গভীর মাতৃস্নেহ ও কঠোর পরিশ্রম দিয়ে তার সন্তানদের সুশিক্ষিত ও যোগ্য হিসেবে গড়ে তুলেছিলেন। পরহেজগার ও পরোপকারী নারী হিসেবেও তিনি এলাকার সকলের নিকট ছিলেন অত্যন্ত শ্রদ্ধেয়। মহান রাব্বুল আলামীন এর দরবারে দোয়া করি তিনি যেন মরহুমার শোকাহত পরিবারবর্গকে এই মৃত্যুশোক সহ্য করার ক্ষমতা দান করেন।

আমি মোসাম্মৎ আশরাফুন্নেসা নাতেকা'র বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারবর্গ, আত্মীয়স্বজন ও শুভানুধ্যায়ীদের প্রতি জানাচ্ছি গভীর সমবেদনা।”

(অ্যাডভোকেট রুহুল কবির রিজভী)

সিনিয়র যুগ্ম মহাসচিব

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।